বিপিএল ধামাকা শুরু ৩০ ডিসেম্বর, ফাইনাল ৭ ফেব্রুয়ারি

written by Chandradip News24 | November 12, 2024

বাংলাদেশের ক্রিকেটপ্রেমীদের জন্য সুখবর! জনপ্রিয় ঘরোয়া ক্রিকেট টুর্নামেন্ট বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) ২০২৫ সালের ৩০ ডিসেম্বর থেকে শুরু হতে যাচ্ছে। এই বছর বিপিএলের একাদশ আসরের ফাইনাল অনুষ্ঠিত হবে ২০২৫ সালের ৭ ফেব্রুয়ারি। নতুন বোর্ড সভাপতি ফারুক আহমেদের নেতৃত্বে বিপিএল এবারে নতুন আঙ্গিকে আয়োজন করা হচ্ছে, যা আরও আকর্ষণীয় এবং সাফল্যমণ্ডিত হবে বলে আশা প্রকাশ করেছেন আয়োজকরা।

এবারের বিপিএল আগের সব আসরের চেয়ে আলাদা হবে, এমনটাই জানিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) । বিপিএল-এ এবার অংশগ্রহণ করছে ৭টি দল। এই আসরে মোট ৪৬টি ম্যাচ অনুষ্ঠিত হবে। টুর্নামেন্টের প্রথম ম্যাচ অনুষ্ঠিত হবে ফরচুন বরিশাল এবং দুর্বার রাজশাহী দলের মধ্যে। ম্যাচটি হবে ৩০ ডিসেম্বর, মঙ্গলবার।

বিসিবি সভাপতি ফারুক আহমেদ জানালেন, এবারের বিপিএলে সমান সুযোগ সুবিধা নিশ্চিত করতে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। সকল দলের জন্য সমান ভেন্যু নির্বাচন, ডে ম্যাচ, নাইট ম্যাচসহ বিশ্রামের ব্যবস্থা রাখা হয়েছে। এ বছর প্রতিটি দল যেন পারফরম্যান্সের দিক

থেকে সঠিক সুযোগ পায়, তার জন্য ফিকচার নির্ধারণে বিশেষ যত্ন নেওয়া হয়েছে।

ফারুক আহমেদ আরও জানান, এবারের বিপিএলে বেশ কিছু নতুনত্ব থাকবে। বিশেষত প্রোডাকশন নিয়ে বিসিবি অনেক সচেতন। নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিশ্বমানের টিভি প্রোডাকশন নিশ্চিত করা হবে। এছাড়া, মাঠে থাকবে ডিজিটাল পেরিমিটার, যা টুর্নামেন্টের প্রযুক্তিগত দিকটিকে আরও আধুনিক করবে। টুর্নামেন্টের কমেন্ট্রি এবং আম্পায়ারিং নিয়েও বিশেষ নজর দেওয়া হয়েছে। দেশের পাশাপাশি বিদেশী নামকরা আম্পায়াররাও দায়িত্ব পালন করবেন, যাতে ম্যাচের মান এবং সঠিক সিদ্ধান্ত নিশ্চিত করা যায়।

ফারুক আহমেদ জানান, এবারের বিপিএল নতুন মাত্রা পাবে এবং আগের সমালোচনাগুলো কাটিয়ে উঠতে সক্ষম হবে। তিনি আরও বলেন, “এখন পর্যন্ত ১০টি বিপিএল আসর হয়ে গেল, কিন্তু একটি ভাল প্লাটফর্ম গড়তে পারিনি। এবারের বিপিএল অবশ্যই সেই খোলস থেকে বেরিয়ে আসবে। পরবর্তী সময়ে ফ্র্যাঞ্চাইজি দলগুলোকে দীর্ঘমেয়াদী দায়িত্ব দেওয়ার পরিকল্পনা রয়েছে।”

এবং, যদিও এবারের বিপিএল বর্তমান সাইকেলের শেষ টুর্নামেন্ট, বিসিবি আগামি বছরগুলোর জন্য নতুন পরিকল্পনা নিয়ে কাজ করছে। প্রতিটি টুর্নামেন্ট যেন আরও উন্নত এবং আকর্ষণীয় হয়, সেদিকে লক্ষ্য রেখেই প্রস্তুতি নেওয়া হচ্ছে।

মো: তুহিন হোসেন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম